

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৫৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯২. ফজরের দু' রাক'আত সুন্নাত সংক্ষেপ করা প্রসঙ্গে

باب فِي تَخْفِيفِهِمَا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرُ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ حَكِيمٍ، أَخْبَرَنِي سَعِيدُ بْنُ يَسَارٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ، أَنَّ كَثِيرًا، مِمَّا كَانَ يَقْرَأُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي رَكْعَتَى الْفَجْرِ بِ (آمَنَّا بِاللهِ وَمَا أُنْزِلَ إِلَيْنَا) هَذِهِ الآيَةَ قَالَ هَذِهِ فِي الرَّكْعَةِ الأُولَى وَفِي الرَّكْعَةِ الأُولَى وَفِي الرَّكْعَةِ الآورةِ بِ (آمَنَّا بِاللهِ وَاشْهَدْ بِأَنَّا مُسْلِمُونَ) .

_ صحيح : م دون : (إن كثيراً ممل)

বাংলা

১২৫৯। 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় ফজরের দু' রাক'আতে ''আমান্না বিল্লাহি ওয়ামা উনিয়িলা ইলাইনা'' (সূরাহ আল-বাকারাহ : ১৩৬) এ আয়াতটি তিলাওয়াত করতেন। তিনি বলেন, তবে এ আয়াতটি প্রথম রাক'আতে পাঠ করতেন। আর দ্বিতীয় রাক'আতে পাঠ করতেনঃ ''আমান্না বিল্লাহি ওয়াশহাদ বিআন্না মুসলিমূন'' (সূরাহ আলে-'ইমরান : ৫২)।[1]

সহীহ: মুসলিমে এ কথা বাদে: অধিকাংশ সময়।

English

Narrated 'Abd Allah b. 'Abbas:

The Messenger of Allah () used to recite in both rak'ahs of the dawn prayer: "Say: We believe in Allah and in the revelation given to us" (3:84). This is in the first rak'ah and in the second rak'ah (he recited): "We believe in Allah and bear witness that we submit ourself (to Him)." (3:52).



ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ ফজরের দু' রাক'আত সুন্নাত আদায় মুস্তাহাব), নাসায়ী (মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ ফাজরের দু' রাক'আত সুন্নাত আদায় মুস্তাহাব)। ইফতিতাহ, অনুঃ ফজরের দু' রাক'আতের ক্রিরাআত, হাঃ ৯৪৩), আহমাদ (১/২৩০), ইবনু খুযাইমাহ (হাঃ ১১১৫) সকলে 'উসমান ইবনু হাকীম হতে। কিন্তু মুসলিমে ''ইন্না কাসীরান মিশ্মা'' কথাগুলো নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন